৮৬ নং

তাল--একতালা

এখন হ'ল না আমার আত্মগ্লানি।
এই প্রেম-শূন্য দেহকে আমি ধন্য মানি,

১। যদি হ'ত আত্মগ্লানি, তবে কি আর ধন্য মানি,
আমি আর থাক্‌তেম না মানি যে'ত অভিরাম।
তবে গুরু সেবায় লাগিত প্রাণ, সদায় গাহিতাম
তাঁহারই গান,
এখন অভিমানকে প্রমাদ গণি।।

২। পিতৃধনে ছিলেম ধনী, ছিল দেহে শান্তির খনি,
এখন পেয়ে কাল কামিনী হলেম হতজ্ঞান।
হৃদয়ে উঠে সুতান, নিম্ন দিকে ধাবিত প্রাণ;
হায় হায় করি দিন রজনী।।

৩। আগে যদি জানতেম আমি, এত গরল এ রমনী,
ফেলে গিয়ে অমনি করতেম গুরুর ধ্যান।
গুরু আমায় করিত পরিত্রাণ, অন্তিমে পেতাম চরণ স্থান;
আমার হরিয়া নিছে মাথার মণি।।

৪। গুরুচাঁদের পদারবিন্দে, মন-প্রাণ রাখ বেন্ধে,
সদায় গুণ গাও কেঁদে ওরে আমার মন।
দয়াল গোপালচাঁদে কয়, বরদা তুই এদিকে আয়,
তোরে উঠাইয়া দিব প্রেমেরই নায়,
ছেড়ে দেরে বিষের ফণি।।

—বরদা